



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
গোসাইরহাট, শরীয়তপুর।
www.goshairhat.shariatpur.gov.bd.



স্মারক নং-০৫.৩০.৮৬৩৬.০০০.৪১.০০১.২২-২০

তারিখ : ১৭ জানুয়ারি ২০২৩।

হাট-বাজারের ইজারা বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের স্থানীয় সরকার বিভাগের ২১/০৯/২০১১ তারিখের ৪৬.০৪১.০৩০.০২.০০.০০২.২০১১.৮৭০ নং স্মারকাদেশ মূলে সরকারি হাট-বাজারসমূহের ইজারা পদ্ধতি, ব্যবস্থাপনা সংক্রান্ত প্রাপ্ত সর্বশেষ নীতিমালা, একই মন্ত্রণালয়ের ২০ ফেব্রুয়ারি ২০১৮ তারিখের ৪৬.০৪১.০৩০.০১.০০.০০১.২০১৮-৯৩ নং স্মারকের পরিপত্র এবং একই মন্ত্রণালয়ের ১৯ মে ২০২২ তারিখের ৪৬.০০.০০০০.০৯.০০.০০৯.২০১১-৬৪০ নং স্মারকের আলোকে গোসাইরহাট উপজেলার ভৌগোলিক সীমানার মধ্যে অবস্থিত তফসিলে বর্ণিত হাট-বাজারসমূহ বাংলা ১৪৩০ সালে ইজারা প্রদানের জন্য (০১ বৈশাখ ১৪৩০ হতে ৩০ চৈত্র ১৪৩০ পর্যন্ত) এক বছর মেয়াদে সম্পূর্ণ অস্থায়ীভাবে টোল আদায়ের নিমিত্তে ইজারা গ্রহণে ইচ্ছুক ব্যক্তিবর্গের নিকট হতে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে প্রতিটি হাটের জন্য পৃথক পৃথকভাবে সিলমোহরযুক্ত খামে দরপত্র আহ্বান করা যাচ্ছে। দরপত্রসমূহ জেলা প্রশাসকের কার্যালয়, শরীয়তপুর, সহকারী কমিশনার (ভূমি), গোসাইরহাট, সোনালী ব্যাংক, গোসাইরহাট শাখা ও গোসাইরহাট থানা এবং নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় থেকে ক্রয় করা যাবে। নির্ধারিত তারিখ ও সময়ে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়, সহকারী কমিশনার (ভূমি), গোসাইরহাট, পুলিশ সুপারের কার্যালয়, শরীয়তপুর এবং জেলা প্রশাসকের কার্যালয়, শরীয়তপুর রক্ষিত দরপত্র বাস্তবে দরপত্র জমা দেয়া যাবে। সিডিউল বিক্রিত টাকা অফেরতযোগ্য। ধার্য তারিখ বেলা ০৩.৩০ ঘটিকায় দরপত্র দাতাদের উপস্থিতিতে (যদি কেই উপস্থিত থাকেন) দরপত্র বাস্তব খোলা হবে। ইজারার কাঙ্ক্ষিত সরকারি মূল্য, দরপত্র ফরমের মূল্য এবং টেন্ডারের সময়সূচি নিম্নরূপঃ

তফসিলভুক্ত হাট-বাজার ইজারার ক্যালেন্ডার (গোসাইরহাট)

বিজ্ঞপ্তি	দরপত্র সিডিউল বিক্রির শেষ তারিখ	দরপত্র জমা দেয়ার শেষ তারিখ ও সময়	দরপত্র খোলার তারিখ ও সময়
১ম পর্যায়	২৫/০১/২০২৩	২২/০২/২০২৩	২৩/০২/২০২৩ সকাল ০৯ টা হতে ০২.০০টা পর্যন্ত
২য় পর্যায়	০১/০৩/২০২৩	১৪/০৩/২০২৩	১৫/০৩/২০২৩ সকাল ০৯ টা হতে ০২.০০টা পর্যন্ত
৩য় পর্যায়	২১/০৩/২০২৩	২৯/০৩/২০২৩	৩০/০৩/২০২৩ সকাল ০৯ টা হতে ০২.০০টা পর্যন্ত

তফসিলভুক্ত হাট-বাজার

ক্রম	হাট-বাজারের নাম	ইউনিয়নের নাম	সরকারি কাংখিত ইজারা মূল্য	দরপত্র (সিডিউল) ফরমের মূল্য (অফেরতযোগ্য)
০১	হাটুরিয়া তোহা-হাট	নলমুড়ি ইউনিয়ন	৩,২৭,৩৬৩/-	১,৪০০/-
০২	হাটুরিয়া গো-হাট	নলমুড়ি ইউনিয়ন	১৬,২৫৩/-	৫০০/-
০৩	শরীফ বাজার	নলমুড়ি ইউনিয়ন	৪০,৬৩৩/-	৫০০/-
০৪	পাঁচকাঠি মিমার হাট	নলমুড়ি ইউনিয়ন	১৪,৯১১/-	৫০০/-
০৫	নাগেরপাড়া তোহা-হাট	নাগেরপাড়া ইউনিয়ন	৭,২২,৯২০/-	২,২০০/-
০৬	শিবপুর কাচারী বাজার	নাগেরপাড়া ইউনিয়ন	৪২,১৭৭/-	৫০০/-
০৭	বড় কালিনগর হাট	নাগেরপাড়া ইউনিয়ন	১,৯৩৫/-	৫০০/-
০৮	সামন্তসার বাংলা বাজার	সামন্তসার ইউনিয়ন	২,২৮,৪৩০/-	১,২০০/-
০৯	জুশিরগাঁও হাট	সামন্তসার ইউনিয়ন	৯৬,৮৫২/-	৫০০/-
১০	চরজালালপুর তোহা-হাট	আলাওলপুর ইউনিয়ন	২৬,৪৪০/-	৫০০/-
১১	চরজালালপুর টেকের হাট	আলাওলপুর ইউনিয়ন	১,২৮,২৬০/-	৫০০/-
১২	গরিবেরচর তোহা-হাট	আলাওলপুর ইউনিয়ন	১,৫১,৪০৩/-	১,০০০/-
১৩	ছাদিমালী বেপারী বাজার	আলাওলপুর ইউনিয়ন	১৩,০৯২/-	৫০০/-
১৪	কোদালপুর তোহা-হাট	কোদালপুর ইউনিয়ন	১২,০৯,৭৬৪/-	৩,২০০/-
১৫	বালুচর বাজার	কোদালপুর ইউনিয়ন	২,৯৪,৭৫১/-	১,২০০/-
১৬	সাইখ্যা বাজার	গোসাইরহাট ইউনিয়ন	৬,৭৯৫/-	৫০০/-
১৭	ভিমখিল তোহা-হাট	কুচাইপাট ইউনিয়ন	৩,০৭,৮০৬/-	১,২০০/-
১৮	কোলচরী মাদ্রাসার হাট	কুচাইপাট ইউনিয়ন	৭,৬৯৬/-	৫০০/-
১৯	ইদিলপুর নতুন বাজার	ইদিলপুর ইউনিয়ন	৫,৩৮৪/-	৫০০/-

প্রথম দফায় দাখিলকৃত দরপত্র অনুমোদিত হলে (সরকারি মূল্যের সমান/বেশী) পরবর্তী দফাসমূহে ঐ হাটের দরপত্র বিক্রয় করা হবে না। উক্ত নিয়মে দ্বিতীয় ও তৃতীয় দফাসমূহে প্রযোজ্য হবে। প্রথম হতে তৃতীয় দফা পর্যন্ত কোন বাজারের দাখিলকৃত ইজারামূল্য সন্তোষজনক না হলে কিংবা কোন বাজারের দরপত্র প্রথম হতে তৃতীয় দফা পর্যন্ত দাখিল না হলে উপরে বর্ণিত হাট-বাজারসমূহ ০১ বৈশাখ ১৪৩০ বাংলা সন হতে খাস আদায় কার্যক্রম চলমান থাকবে।

দরপত্রের শর্তাবলীঃ

০১। ০১ বৈশাখ ১৪৩০ হতে ৩০ চৈত্র ৩০ বাংলা ০১ (এক) বৎসর মেয়াদকালের জন্য হাট-বাজার ইজারা দেওয়া হবে।